Half Yearly Examination-2023-2024

শ্রেণি (Class) : পঞ্চম (5)

বিষয় (Subject) : বাংলা (Bengali)

সময় (Time) : ৩ ঘণ্টা (3 Hours) মোট নম্বর (Full Marks) : 80

ক-বিভাগ (Group-A) 30 Marks

1. নীচের অনুচ্ছেদটি মনোযোগ দিয়ে পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও ঃ 2×5 = 10

আলতাই গিরিমালার পথ ধরে হেডিন সাহেব চললেন। পথ অতি ছোট এবং ভয়ংকর। পোমির উপত্যকার তুষার ঝটিকা তাকে ভীত করতে লাগল। কিন্তু এরই ভিতর দিয়ে অসীম ধৈর্যের সঙ্গে হেডিনকে এগোতে হয়েছিল। এমনি করে একদা তিনি ভয়ঙ্কর এক বিপদের সামনে এসে দাঁড়ালেন।

বিপদ আর কিছু নয়, একটি বিশাল মরুভূমি মাত্র। তোমরা সাহারা মরুভূমির নাম শুনেছ, রাজপুতানার মরুভূমির নাম শুনেছ, গোবি মরুপথের নাম শুনেছ- কিন্তু স্বয়ং হেডিন সাহেব এবং অনেকের মতে এই মরুভূমি পৃথিবীতে সর্বাপেক্ষা ভয়ঙ্কর। এর নাম- তাকলা-মাকান। সাহারার চেয়ে অনেক ছোটো। কিন্তু ছোটো হলেও ভয়ংকর সাহারার চেয়ে অনেক বেশি। গোবি, সাহারা অথবা ভারতীয় মরুভূমিতে ওয়েসিস অর্থাৎ মরূদ্যান আছে, কিন্তু তাকলা- মাকানে কোথাও বিন্দুমাত্র আশ্রয় নেই, জল নেই, এমনকি একটি কাঁটা-লতাও নেই।

(ক) কে আলতাই গিরিমালার পথ ধরে চললেন?

(খ) হেডিন সাহেব কীসে ভীত হলেন?

(গ) আলোচ্য অংশে কোন্ কোন্ মরুভূমির কথা বলা হয়েছে?

(ঘ) সর্বাপেক্ষা ভয়ংকর মরুভূমি কোন্‌টি?

(ঙ) আলোচ্য অংশে 'বিশাল' শব্দটির বিপরীত অর্থ লেখো।

https://www.tripuraboard.com

2. নীচের অনুচ্ছেদটি মনোযোগ দিয়ে পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও ঃ 2×5 = 10

আট বছরের মা-হারা রোগা ছেলেটি জমির আল ধরে একাকী চলেছে। মনে মনে সে ভাবছে, এখন সে কোথায় যাবে? বাড়ি ফিরে যাবে? বাবা এবং দাদা দুজনেই মাঠে গিয়েছে। তবে সে কোথায় যাবে? তবু চলেছে আপনমনে কী ভাবতে ভাবতে, সেই জানে।

সহসা তার মনে হল একটি পাড়ায় তো অনেকদিন সে যায়নি। আর দেরি না করে সে পথে পা বাড়াল। সে বিভিন্ন পাড়ায় যায় প্রায়শই। অনেকে তাকে ভালোওবাসে। কেন যে ভালোবাসে তা সে জানে না, করুণাবশতও হতে পারে বা আন্তরিকভাবে হতে পারে। আবার কেউ তাকে প্রচণ্ড মারধোরও করে। মাঝে মাঝে সে নিজের মনকে প্রশ্ন করে— 'কেনই বা তাকে ভালোবাসে, আর কেনই বা তাকে মারধোর করে।' এর সদুত্তর সে খুঁজে পায় না।

(ক) জমির আল ধরে একাকী কে চলেছে?

(খ) ছেলেটির বয়স কত?

(গ) কারা মাঠে গিয়েছে?

(ঘ) সহসা তার কী মনে হল?

(ঙ) ছেলেটি নিজের মনকে কী প্রশ্ন করে?

3. নীচের অনুচ্ছেদটি মনোযোগ দিয়ে পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও ঃ 2×5= 10

রামলালের বয়স কম, কিন্তু দুষ্টুমি বুদ্ধি কম ছিল না। গ্রামের লোক তাহাকে ভয় করিত। অত্যাচার যে তাহার কখন কোন্ দিক দিয়া কিভাবে দেখা দিবে, সে কথা কাহারো অনুমান করার জো ছিল না। তাহার বড় ভাই শ্যামলালকেও ঠিক শান্ত প্রকৃতির লোক বলা চলে না। গ্রামের জমিদারী কাছারিতে সে কাজ

https://www.tripuraboard.com

করিত এবং নিজের জমিজমা দেখাশোনা করিত। তাদের অবস্থা স্বচ্ছল ছিল। পুকুর, বাগান, ধানজমি এবং কিছু টাকা ছিল। শ্যামলালের পত্নী নারায়ণী যেবার প্রথম ঘর করিতে আসেন সে আজ তের বছরের কথা– সে বছরে রামের বিধবা জননীর মৃত্যু হয়। মৃত্যুকালে তিনি আড়াই বছরের শিশু রাম এবং এই সমস্ত সংসারটা তাহার তের বছরের বালিকা পুত্রবধূ নারায়ণীর হাতে তুলিয়া দিয়া যান।

(ক) গ্রামের লোক কাকে ভয় করিত?

(খ) রামলালের বড়ো ভাই এর নাম কী?

(গ) নারায়ণী কে ছিলেন?

(ঘ) মায়ের মৃত্যুকালে রামের বয়স কত ছিল?

(ঙ) বাক্য রচনা করো ঃ শিশু, গ্রাম।

খ-বিভাগ (Group-B) 20 Marks

4. সঠিক উত্তরটি বেছে নাও ঃ $1 \times 3 = 3$

ক) জনশ্রুতি মানে ______ খোশগল্প/পৌরাণিক কাহিনি/লোক প্রবাদ।

খ) 'অংশবিশেষ' মানে______ অর্ধাংশ/বিশেষ অংশ/কিছু অংশ।

গ) 'বুদ্ধির অতীত' মানে ______ অতীতকালের বুদ্ধি/অতিবুদ্ধি/বোধগম্য নয়।

5. বাক্য রচনা করো ঃ $1 \times 3 = 3$

সারি সারি, লতাপাতা, নিছক।

6. নীচের প্রশ্নটির উত্তর দাও (যে কোন একটি) ঃ $2 \times 1 = 2$

ক) কাদের যুক্তি দিয়ে সত্য-মিথ্যা বেছে নেবার শিক্ষা বা সামর্থ্য নেই?

খ) হোমের কাঠ বলতে কী বোঝ?

7. নীচের শব্দগুলোর গদ্যরূপ লেখো ঃ $1 \times 3 = 3$

পালিবারে, মম, বিনা।

8. বিপরীত শব্দ লেখো ঃ $1 \times 2 = 2$

মঙ্গল, সুমুখে।

9. নীচের প্রশ্নটির উত্তর দাও (যে কোন একটি) ঃ $2 \times 1 = 2$

ক) কবি সর্বদা কী কামনা করেন? কার সাহায্য পেয়ে আমরা বড়ো হয়ে উঠি?

খ) ভরত প্রজাপালনের জন্য রামের কাছে কী চাইলেন? কার আদেশে রাম বনে গিয়েছিল?

10. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও ঃ $1 \times 5 = 5$

রাম ও ভরতের মিলন হয়েছিল পঞ্চবটী বনে। মিলনের পর ভরত প্রভু শ্রীরামচন্দ্রের চরণস্পর্শ করে বিনীতভাবে জানতে চাইলেন তিনি কার কথা শুনে বনে এসেছেন। অবিলম্বে তিনি যেন দেশে ফিরে সিংহাসনে বসেন এবং অযোধ্যাবাসীর দুঃখ ঘোচান। কারণ, তিনি অযোধ্যার অলংকার ও অযোধ্যার সার। তাঁকে ছাড়া অযোধ্যাভূমি দিবসেই অন্ধকার হয়ে আছে। তাই ভরতের অনুরোধ তিনি অযোধ্যায় গিয়ে রাজা হন। তিনি সিংহাসনে বসলে ভরত রামচন্দ্রের আদেশ অনুযায়ী চাকরের মতো কাজ করবেন।

(ক) রাম ও ভরতের মিলন কোথায় হয়েছিল?

(খ) মিলনের পর কে রামচন্দ্রের চরণস্পর্শ করে?

https://www.tripuraboard.com

(গ) আলোচ্য অংশে 'অন্ধকার' শব্দটির বিপরীত অর্থ লেখো।

(ঘ) কে অযোধ্যাবাসীর দুঃখ ঘোচান?

(ঙ) কার আদেশে ভরত কাজ করবেন?

গ-বিভাগ (Group-C) 30 Marks

11. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোন একটি) ঃ $3\times1 = 3$

(ক) কী কী কারণে গান্ধিজি সবরমতী কুষ্ঠাশ্রম গড়ে তুলেছিলেন?

খ) "ছাড়ো মাণিক আমার, সোনা আমার"— উক্তিটি কার? 'মাণিক আমার, সোনা আমার"— বলতে কাকে বোঝানো হয়েছে? বক্তা তাকে ছাড়তে বলছেন কেন?

12. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোন একটি) ঃ $5\times1 = 5$

(ক) কিন্তু কিছু দিনের মধ্যেই আশ্রমে বেশ চাঞ্চল্য দেখা গেল"— এখানে কোন্ আশ্রমের কথা বলা হয়েছে? আশ্রমে কী চাঞ্চল্য দেখা গেল?

(খ) তখন দলে দলে কীর্তনীয়ারা রাস্তায় মিছিল বাহির করে"— কীর্তনীয়া বলতে কী বোঝ? কখন এবং কেন তারা মিছিল বের করে?

13. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোন একটি) ঃ $3\times1 = 3$

ক) "আঁখি মেলে তোমার আলো/প্রথম আমার চোখ জুড়াল"— উদ্ধৃতাংশটি কার, কোন্ কবিতার অন্তর্গত'? কী দেখে কবির চোখ জুড়িয়ে গেল?

খ) 'প্রার্থনা' কবিতায় জীবনকে তিনটি বস্তুর মতো হয়ে গড়ে তোলার কামনা করা হয়েছে— সেই তিনটি বস্তু কী কী?

https://www.tripuraboard.com

14. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোন একটি) ঃ 5×1 = 5

ক) চতুর্দশ বৎসর পালিয়ে পিতৃবাক্য।

অযোধ্যায় যাইব আমি দেখিবে প্রত্যক্ষ।।

— বক্তা কে? 'পিতৃবাক্য' টি কী ছিল? তাকে চতুর্দশ বৎসর রাজ্যের বাইরে থাকতে হয়েছিল কেন?

খ) 'মানুষ' কবিতায় কবির নাম কী? মানুষকে ভালোবাসার যে কারণগুলো উক্ত কবিতায় তুলে ধরেছেন তা উল্লেখ করো।

15. বাক্য কাকে বলে? উদাহরণ দাও। 1+1

16. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও ঃ 1×3 = 3

ক) কলকাতায় যে স্বদেশী মেলা হতো তার অন্য নাম কী ছিল?

খ) রবির প্রথম বইটির নাম কী?

গ) বয়সের অনুপাতে কিশোর রবির স্বাস্থ্য কেমন ছিল?

17. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও ঃ 1×5 = 5

বাড়ির সকলে তার এই পরিবর্তন লক্ষ্য করেছিল। প্রথম কয়েকদিন সে মহাআনন্দে এঘর ওঘর ঘুরে সকলকে নিজের ভ্রমণকাহিনি শুনিয়ে বেড়ালো। তার মায়ের গর্বের সীমা রইল না। ভিতরের বারান্দায় গোল হয়ে বসে অবাক হয়ে বাড়ির মেয়েরা রবির আশ্চর্য সব গল্প শুনতে লাগলেন। রবি তার নব অর্জিত জ্ঞান দেখাতে লাগল। সে গ্রহ—তারার বিষয় বলল, বাবা যেমন করে পড়তে শিখিয়েছিলেন ঠিক সেইভাবে উপনিষদ থেকে কয়েকলাইন মুখস্থ বলল। সকালে তাকে ন্যায্য সম্মান থেকে বরং একটু বেশিই দিল আর সত্যি কথা বলতে কী এতে রবির খানিকটা অহংকার ও হল। মা আহ্লাদে ভরপুর

https://www.tripuraboard.com

হয়ে সকলকে ডেকে আনলেন, রবির মুখে সংস্কৃতে রামায়ণ শুনবার জন্য। রবি নিজের একটু অসহনীয়বোধ হচ্ছিল, কারণ যা শিখেছিল তার সবটা ঠিক তার মনে ছিল না।

ক) কিশোর রবির পরিবর্তন কারা লক্ষ্য করেছিলেন?

খ) প্রথম কয়েকদিন কিশোর রবি কি করে বেড়াল?

গ) বাড়ির মেয়েরা কোথায় বসে কিশোর রবির গল্প শুনছিলেন?

ঘ) কিশোর রবি কী দেখাতে লাগলেন?

ঙ) কার গর্বের সীমা রইল না?

অথবা

অনুচ্ছেদ লেখো (যে কোন ১টি) ঃ

ক) রামমোহন রায়

খ) ত্রিপুরার একটি উৎসব।

18. চিঠি লেখো/পত্র লেখো ঃ 4

মেলায় আমন্ত্রণ জানিয়ে বন্ধুর কাছে চিঠি লেখো।

https://www.tripuraboard.com
Whatsapp @ 9300930012
Send your old paper & get 10/-
अपने पुराने पेपर्स भेजे और 10 रुपये पायें,
Paytm or Google Pay से

https://www.tripuraboard.com